তারিখ 22 JUL 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক আমাদের সময়

# সন্ত্রাসের বিরুদ্ধে শিক্ষা পরিবার রুখে দাঁড়ান

## –শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •

শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, অভিভাবকসহ শিক্ষা পরিবারের সব সদস্যকে সন্ত্রাসী তৎপরতার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষদের অংশগ্রহণে সন্ত্রাসের বিরুদ্ধে শান্তি সমাবেশে তিনি এ আহ্বান জানান।

প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ যখন শিক্ষাসহ সর্বক্ষেত্রে দ্রুত উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে, ঠিক সে সময় দেশি-বিদেশি চক্রান্ত হচ্ছে। তাদের মদদে দেশের কিছুসংখ্যক বিপথগামী ও বিভ্রান্ত ছাত্র-যুবক সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত হয়ে গুলশানের মতো পৈশাচিক হত্যাকাণ্ড ঘটিয়েছে। অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, হাজার বছর ধরে দেশে গড়ে উঠেছে শান্তি, সম্প্রীতি ও সহিষ্ণুতার সংস্কৃতি, যা বাংলাদেশ রাষ্ট্রের মূল ভিত্তি। সন্ত্রাস, জঙ্গিবাদ বাঙালির সমাজ, দর্শন ও আদর্শপরিপন্থী।

অনুষ্ঠানে সারা দেশ থেকে প্রায় এক হাজার ২০০ কলেজ অধ্যক্ষ যোগ দেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ সভাপতিত্ব করেন।